

🗏 আশ-শুআ'রা | Ash-Shu'ara | ٱلشُّعَرَاء

আয়াতঃ ২৬:১৮৩

আরবি মূল আয়াত:

وَ لَا تَبِخَسُوا النَّاسَ اَشْيَآءَهُم وَ لَا تَعِثُوا فِي الأرضِ مُفسِدِينَ ﴿١٨٣﴾

🗚 আনুবাদসমূহ:

'আর লোকদেরকে তাদের প্রাপ্যবস্তু কম দিও না এবং যমীনে ফাসাদ সৃষ্টি করো না'। — আল-বায়ান মানুষকে তাদের প্রাপ্যবস্তু কম দিবে না। আর পৃথিবীতে বিশৃঙ্খলা সৃষ্টি করো না। — তাইসিরুল লোকদেরকে তাদের প্রাপ্য বস্তু কম দিবেনা এবং পৃথিবীতে বিপর্যয় সৃষ্টি করে ফিরনা। — মুজিবুর রহমান And do not deprive people of their due and do not commit abuse on earth, spreading corruption. — Sahih International

১৮৩. আর লোকদেরকে তাদের প্রাপ্য বস্তু কম দিও না এবং পৃথিবীতে বিপর্যয় সৃষ্টি করে বেড়িও না।

তাফসীরে জাকারিয়া

(১৮৩) লোকদেরকে তাদের প্রাপ্যবস্তু কম দিও না[1] এবং পৃথিবীতে বিপর্যয় ঘটায়ো না।[2]

- [1] অর্থাৎ, অন্যদের দেওয়ার সময় মাপে বা ওজনে কম দিয়ো না।
- [2] অর্থাৎ, আল্লাহর অবাধ্য হয়ো না। কারণ এর ফলে পৃথিবীতে ফাসাদ ও অশান্তি ছড়ায়। কেউ কেউ এই বিপর্যয় থেকে রাহাজানি অর্থ নিয়েছেন; যা এই জাতি করত। যেমন, অন্যত্র বলা হয়েছে{وَلاَ تَقْعُدُواْ بِكُلِّ صِرَاطٍ} অর্থাৎ, মানুষদেরকে ভয় দেখানোর উদ্দেশ্যে রাস্তায় বসো না। (সূরা আ'রাফ ৮৬ আয়াত, ইবনে কাসীর)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3115

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন